84

দৈনিক ইত্তেফাক

তারিখ ...11 JUN 1997...
পৃষ্ঠা ...১৬... কলাম ...২...

# চট্টগ্রাম শিক্ষাবোর্ডের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রামের ৫টি শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ গত সোমবার বিকালে চট্টগ্রাম শিক্ষা-বোর্ডের চেয়ারম্যানের সহিত সাক্ষাৎ করিয়া শিক্ষাবোর্ডের কতিপয় কর্ম-কর্তার দুর্নীতি ও পরীক্ষা পরিচালনা-সহ বিভিন্ন ক্ষেত্রে চরম অনিয়ম সংক্রান্ত পাঁচ দফা অভিযোগনামা প্রদান করেন এবং দুর্নীতি ও অনিয়-মের সাথে জড়িত কর্মকর্তাদের অপসারণের দাবী জানান। অভি-যোগনামায় উল্লেখ করা হয় যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এই অনিয়ম ও দুর্নীতি এইবারের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলকেও প্রভাবিত করার আশংকা রহিয়াছে।

(২য় পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম শিক্ষা বোর্ডের

(শেষ পৃঃ পর)

শিক্ষক সংগঠনগুলির প্রেরিত এক যৌথ প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় যে, বোর্ড কর্তৃপক্ষ উল্লেখিত অভিযোগগুলির ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ না করিলে শিক্ষক নেতৃবৃন্দ বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষকদের সহিত মত বিনিময় সভা করার সিদ্ধান্ত নিয়াছেন। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের দুর্নীতি ও অনিয়মের ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য তাহারা প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করিয়াছেন। শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের সহিত সাক্ষাৎকারী শিক্ষক নেতৃবৃন্দের মধ্যে ছিলেন, প্রফেসর আ, ফ, ম, সিরাজুদ্দৌলা চৌধুরী, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, চট্টগ্রাম কলেজ, অধ্যক্ষ এ, টি, এম, নূর হোসেন চৌধুরী, জোনাল সভাপতি বি,সি,এস, সাধারণ শিক্ষা এসোসিয়েশন, প্রফেসর আহমদ হোসেন, মহাসচিব, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি, অধ্যাপক মোহাম্মদ জসিমউদ্দিন, সহসভাপতি, কেন্দ্রীয় কমিটি, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদ, অধ্যাপক মোহাম্মদ জাহাঙ্গীর সাধারণ সম্পাদক, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, চট্টগ্রাম জেলা, অধ্যাপক কানাইলাল দাশ সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, চট্টগ্রাম জেলা, অধ্যাপক ডঃ লিয়াকত আলী খান, সদস্য বি,সি,এস সাধারণ শিক্ষা এসোসিয়েশন ও অধ্যাপক মাহবুবুর রহমান, যুগ্ম-সম্পাদক, কেন্দ্রীয় কমিটি বি,সি,এস, সাধারণ শিক্ষা সমিতি।